দৈনিক ইত্তেফাক 020

তারিখ 13 FEB 1988
পৃষ্ঠা 1 কলাম 6

# চট্টগ্রাম ভার্সিটির হলে পুলিশের অভিযান॥ অস্ত্রশস্ত্র উদ্ধার

(চট্টগ্রাম অফিস হইতে)

৬ই ফেব্রুয়ারী—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন এলাকা ও হলসমূহে তল্লাশী চালাইয়া পুলিশ আজ বেশ কিছু অস্ত্রশস্ত্র ও বিপুল পরিমাণ লাঠিসোটা উদ্ধার করে। বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনুরোধক্রমে জেলা পুলিশ সুপারের নেতৃত্বে পুলিশ আজ সকাল ৮-১৫ মিনিটে এই তল্লাশী শুরু করে। এই সময় বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর রেজিষ্ট্রার প্রভোষ্টগণ ও তাহাদের সহকারীগণ উপস্থিত ছিলেন।

পুলিশ জানায়, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের অবৈধ অবস্থানকারীরা গতকাল মধ্যরাত্রি ও আজ ভোরে বিভিন্নভাবে ক্যাম্পাস ছাড়িয়া চলিয়া যায়। বেশীরভাগই আলাওল হলের পিছন দিয়া পাহাড়ী পথে পলায়ন করে। পুলিশের হিসাব অনুযায়ী ...কৃত অস্ত্রশস্ত্রের মধ্যে রহিয়াছে

(...পঃ ৫-এর কঃ দ্রঃ)

## অস্ত্রশস্ত্র উদ্ধার

(১ম পৃঃ পর)

১টি পাইপগান, ১ রাউণ্ড গুলিসহ ২টি কাটা শর্টগান, ১টি গ্রেনেড, ১০ রাউণ্ড রাইফেলের গুলী, ৪ রাউণ্ড সাবমেশিন গানের গুলীসহ উহার ৩টি ম্যাগজিন। এই অস্ত্রশস্ত্র আলাওল হলের পিছনে পাহাড়ে লুকানো ছিল। ইহাছাড়া বিভিন্ন হল হইতে ৫০টি ছোরা, ৫০টি কিরিচ, প্রায় এক ট্রাক পরিমাণ লাটিসোটা হকিষ্টিক সাইকেলের চেইন, প্রচুর পরিমাণ রামদা ও বিপুল পরিমাণ পাথর উদ্ধার করা হয়। পুলিশ জানায়, আলাওল হলের ছাদে বালির বস্তা দিয়া নিরাপত্তামুলক বাংকারের মত তৈরী করা হইয়াছিল। এই রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে পুলিশ অবস্থান করিতেছিল।

এদিকে ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা এক বিবৃতিতে অভিযোগ করে, আইন প্রয়োগকারী সংস্থা ও প্রশাসনের নাকের ডগা দিয়া আজ ভোরে একটি মিনিবাস ও একটি এম্বুলেন্স-যোগে অবৈধ অবস্থানকারীরা ক্যাম্পাস ছাড়িয়া চলিয়া যায়।